...

দুর্নীতি দমন কমিশন

প্রধান কার্যালয়

১ সেগুনবাগিচা, ঢাকা।

...

সভাপতি	ড. মু: আনোয়ার হোসেন হাওলাদার সচিব
সভার তারিখ	২৭/১২/২০২০
সভার সময়	১১.০০ ঘটিকা
স্থান	কমিশনের সম্মেলন কক্ষ
উপস্থিতি	সংযুক্ত

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। শুরুতেই ২৪/১২/২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ১ম সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। সভায় শুদ্ধাচার কৌশল পরিকল্পনার ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রাসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অতঃপর, সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র. নং	বিষয়/আলোচ্য	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	প্রশিক্ষণ আয়োজন	আগামী ৩০ ডিসেম্বর Google Meet এ কর্মকর্তা কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত একটি প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করতে হবে।	মহাপরিচালক (প্রশিক্ষণ ও আইসিটি)
২	অনুবিভাগভিত্তিক NIS Focal Person নির্ধারণ ও আলাদা নথি সংরক্ষণ।	যেসব অনুবিভাগের NIS সংক্রান্ত কার্যাবলী বাস্তবায়ন কর্মকর্তার নাম পাওয়া যায় নি, সেসব অনুবিভাগে NIS সংক্রান্ত কার্যাবলী বাস্তবায়নের জন্য আগামী সপ্তাহের মধ্যে আলাদা একটি নথি খুলে উক্ত নথির মাধ্যমে একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদানপূর্বক নৈতিকতা কমিটির আহবায়ক এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অবহিত করতে হবে।	মহাপরিচালক (সকল)
৩	নথির শ্রেণিবিন্যাস এবং বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন।	নথির শ্রেণিবিন্যাস এবং বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ণ সংক্রান্তে গঠিত কমিটিসমূহ কর্তৃক স্ব স্ব অনুবিভাগের নথির শ্রেণিবিন্যাস কার্যক্রম শুরু করা এবং আগামী সভায় কমিটিসমূহ কর্তৃক উক্ত কার্যক্রমের অগ্রগতি উপস্থাপনের জন্য নির্দেশ প্রদান করতে হবে।	মহাপরিচালক (প্রশাসন)
৪	কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম	স্বাস্থ্যবিধি মেনে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা নিশ্চিতকরণের নিমিত্ত কর্মকর্তা-কর্মচারীদের জন্য নিয়মিত থার্মাল স্ক্যানিং, স্যানিটাইজার/লিকুইড-সোপ সরবরাহ ও মাস্ক ব্যবহার নিশ্চিতকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া কর্মকর্তা-কর্মচারীদের জন্য কাপড়ের মাস্ক সরবরাহ করার বিষয়টি পরীক্ষা নিরিক্ষাপূর্বক সচিব বরাবর প্রস্তাব উত্থাপন করতে হবে ।	মহাপরিচালক (প্রশাসন)
৫	বিকা ও সজেকা পর্যায়ের ই নথি কার্যক্রম চালুকরণ	ইতোমধ্যে বিকা ও সজেকা পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের ই নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। একারণে অনতিবিলম্বে বিকা ও সজেকা পর্যায় ই নথি কার্যক্রম চালু করার জন্য নির্দেশনা প্রদান করতে হবে ।	মহাপরিচালক (প্রশাসন)
৬	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে সভা	৩য় কোয়ার্টারে অর্থাৎ ১লা জানুয়ারি/২০২১ থেকে ৩১ মার্চ/২০২১ তারিখের মধ্যে অনলাইন প্লাটফর্মে অংশীজনদের (Stakeholder) অংশগ্রহণে ১টি সভা আয়োজন করতে হবে।	মহাপরিচালক (প্রশিক্ষণ ও আইসিটি)

৭	দুর্নীতি দমন কমিশন কর্মচারী আচরণ বিধিমালা প্রণয়ন	আগামী সপ্তাহের মধ্যে সচিব মহোদয়ের সভাপতিত্বে দুর্নীতি দমন কমিশন আইন সংশোধন খসড়া এবং দুর্নীতি দমন কমিশন কর্মচারী আচরণ বিধিমালা খসড়া নিয়ে একটি আলোচনা সভা আয়োজন করতে হবে।	মহাপরিচালক (প্রশাসন)
৮	সিটিজেন চার্টার প্রদর্শন	কমিশনের ভিশন-মিশন এবং সিটিজেন চার্টার কমিশনের কার্যালয়ের মূল ফটকে প্রদর্শনের প্রস্তাব দিয়ে কমিশনে নথি উপস্থাপন করতে হবে।	মহাপরিচালক (প্রশাসন)
৯	দুর্নীতি বিষয়ক বিতর্ক প্রতিযোগিতা আয়োজন	দুর্নীতি বিষয়ক বিতর্ক প্রতিযোগিতার অসমাপ্ত কার্যক্রম অনলাইন প্লাটফর্মে আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে।	মহাপরিচালক (প্রতিরোধ)
১০	মতবিনিময় সভা আয়োজন	৩য় কোয়ার্টারে অর্থাৎ ১লা জানুয়ারি/২০২১ থেকে ৩১ মার্চ/২০২১ তারিখের মধ্যে অনলাইনে প্লাটফর্মে সরকারী কর্মকর্তা/সুশীল-সমাজ/সাংবাদিকবৃন্দের সাথে দুর্নীতি বিরোধী ১টি মতবিনিময় সভা আয়োজন করতে হবে।	মহাপরিচালক (প্রতিরোধ)
১১	শুদ্ধাচার পুরস্কার প্রদান	৩য় কোয়ার্টারে অর্থাৎ ১লা জানুয়ারি/২০২১ থেকে ৩১ মার্চ/২০২১ তারিখের মধ্যে দুর্নীতি দমন কমিশনের কর্মকর্তা কর্মচারীদের জন্য শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাপরিচালক (প্রশাসন)
১২	উত্তম চর্চার তালিকা প্রণয়ন	৩১/০৩/২০২১ তারিখের মধ্যে দুর্নীতি দমন কমিশনের উত্তম চর্চার তালিকা প্রণয়ন-পূর্বক মন্ত্রিপরিষদে প্রেরণ করতে হবে।	মহাপরিচালক (প্রশাসন)

পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।

ড. মু: আনোয়ার হোসেন হাওলাদার
সচিব

স্মারক নম্বর: ০০.০১.০০০০.৩১০.৩১.০০১.২০.২১

তারিখ: ১৪ পৌষ ১৪২৭
২৯ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক (মানিলন্ডারিং), দুর্নীতি দমন কমিশন
২) মহাপরিচালক (বিশেষ তদন্ত), দুর্নীতি দমন কমিশন
৩) মহাপরিচালক (লিগ্যাল), দুর্নীতি দমন কমিশন
৪) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক (প্রতিরোধ), দুর্নীতি দমন কমিশন
৫) মহাপরিচালক (প্রশিক্ষণ ও তথ্যপ্রযুক্তি), দুর্নীতি দমন কমিশন
৬) মহাপরিচালক (প্রশাসন), দুর্নীতি দমন কমিশন
৭) মহাপরিচালক (অনুসন্ধান ও তদন্ত-১), দুর্নীতি দমন কমিশন
৮) মহাপরিচালক (অনুসন্ধান ও তদন্ত-২), দুর্নীতি দমন কমিশন
৯) পরিচালক (প্রতিরোধ ও গণসচেতনতা-১) (ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী ও রংপুর), দুর্নীতি দমন কমিশন
১০) পরিচালক (জনসংযোগ), দুর্নীতি দমন কমিশন
১১) উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপপরিচালক (উন্নয়ন সহযোগী সমন্বয়), দুর্নীতি দমন কমিশন
১২) একান্ত সচিব, সচিব এর দপ্তর , দুর্নীতি দমন কমিশন



গোলাম শাহরিয়ার চৌধুরী
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)